ইত্তেফাক

০৪৭

তারিখ ... 13/10/79 ...
পৃষ্ঠা ... কলাম ...

# সিলেটে মন্ত্রী পরিষদের বৈঠক

## প্রাথমিক শিক্ষকদের শূন্যপদ পূরণের সিদ্ধান্ত

সিলেট, ১২ই অক্টোবর (বাসস)—প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সভাপতিত্বে আজ স্থানীয় সার্কিট হাউজে মন্ত্রী পরিষদের এই বৈঠকে প্রাথমিক শিক্ষকদের শূন্যপদসমূহ পূরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পাঁচ সহস্রাধিক প্রাথমিক শিক্ষকের পদ খালি রহিয়াছে। এই সকল পদের পঞ্চাশ শতাংশ মহিলা শিক্ষকদের দ্বারা পূরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ ব্যাপারে যতশীঘ্র সম্ভব যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দেওয়া হইয়াছে।

কোন জেলা শহরে মন্ত্রী পরিষদের ইহাই প্রথম বৈঠক। স্থানীয় পরিস্থিতি ও প্রয়োজনের উপর বিশেষ গুরুত্ব প্রদান করাই

(৮ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## সিলেটে মন্ত্রী

(১ম পৃঃ পর)

রাজধানীর বাহিরে এই ধরনের বৈঠক অনুষ্ঠানের উদ্দেশ্য। পরে অন্যান্য জেলা শহরেও মন্ত্রী পরিষদের বৈঠক অনুষ্ঠিত হইবে।

জুমার নামাজের পূর্ব পর্যন্ত বৈঠক চলার পর ইহা স্থগিত ঘোষণা করা হয় এবং সন্ধ্যার সময় পুনরায় বৈঠক শুরু হয়। প্রেসিডেন্ট ও মন্ত্রী পরিষদের সদস্যগণ হজরত শাহ জালালের মাজার পরিদর্শন এবং তথায় জুমার নামাজ আদায় করেন।

মন্ত্রী পরিষদের বৈঠকে বোয়িং জেট বিমান অবতরণ ও উড্ডয়নের উপযোগী করিয়া সিলেট বিমান বন্দরের রানওয়ে সম্প্রসারণ করার সিদ্ধান্তও গ্রহণ করা হয়।

বিকালে প্রেসিডেন্ট বিএনপি স্টিয়ারিং কমিটির বৈঠকে বক্তৃতা করেন। তিনি শহরের বিশিষ্ট ব্যক্তিবর্গের এক সমাবেশেও ভাষণ দেন।